esday, April 10, 1979

# বেসরকারী স্কুল শিক্ষকদের চাকরি বিধি প্রণয়ন সমাপ্ত

বাংলাদেশ শিক্ষক সমিতির (রুহুল) সভাপতি জনাব আবদুল মান্নান ও সাধারণ সম্পাদক জনাব আবদুল খালেক গতকাল সোমবার এক বিবৃতিতে জানান যে শিক্ষক সমিতি ফেডারেশনের সঙ্গে স্বাক্ষরিত চুক্তি মোতাবেক মাধ্যমিক বেসরকারী স্কুল শিক্ষকদের চাকরি বিধি প্রণয়নের কাজ চূড়ান্ত হয়েছে। তারা আশা প্রকাশ করেন যে আগামী ৩০শে জুনের মধ্যে সরকার বেতন স্কেল সংক্রান্ত চূড়ান্ত রিপোর্ট প্রণয়ন করতে সক্ষম হবেন। তারা আরো বলেন যে বিএড শিক্ষক ২১০ টাকা; সহকারী শিক্ষক (গ্রাজুয়েট) ১৭৫ টাকা, সহকারী শিক্ষক (নিম্ন-গ্রাজুয়েট) ১৪০ টাকা, করনিক ১২০ টাকা ও ৪র্থ শ্রেণী কর্মচারী ১০০ টাকা হারে বর্ধিত বেতন পাবেন। বর্ধিত বেতন শীগগীরই দেয়া শুরু হবে।

## পে-স্কেল ঘোষণার দাবী

বাংলাদেশ শিক্ষক সমিতির (কামরুজ্জামান) সংগ্রাম পরিষদের এক সভা রোববার অনুষ্ঠিত হয়। তারা সংসদের বাজেট অধিবেশনের আগেই শিক্ষকদের পে-স্কেল ঘোষণার আহ্বান জানান।

বাসস জানিয়েছে: বৈঠকে প্রতিশ্রুতি মোতাবেক সরকার দাবী পূরণ না করায় উদ্বেগ প্রকাশ করা হয়।

বৈঠকে গৃহীত এক প্রস্তাবে তারা জানান যে আগামী ৩০শে জুনের মধ্যে সরকার যদি শিক্ষকদের দাবী বাস্তবায়নের পদক্ষেপ নিতে ব্যর্থ হন, তবে তারা সারা দেশে ঐক্যবদ্ধ আন্দোলনের কর্মসূচী নেবেন।